তারিখ 15 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# চিকিৎসা-শিক্ষা ব্যবস্থাপনাকে আইনী কাঠামোতে আনা হচ্ছে

বৃহস্পতিবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি) স্থাপন অনুমোদন এবং সরকারি-বেসরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে আসন বৃদ্ধি ও স্নাতকোত্তর কোর্স অনুমোদন সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডাঃ আ ফ ম রুহুল হক সভায় সভাপতিত্ব করেন।

চিকিৎসা শিক্ষা সংক্রান্ত সামগ্রিক ব্যবস্থাপনার বিষয়টি শক্তিশালী আইনী কাঠামোর আওতায় আনার জন্য জাতীয় সংসদে এ বিষয়ে একটি আইন পাস করা প্রয়োজন বলে কমিটি মনে করে। এ উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা)-এর নেতৃত্বে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) এর প্রতিনিধি ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উপসচিবকে নিয়ে কমিটি করে আইনের খসড়া প্রস্তুতের জন্য দায়িত্ব দেয়া হয়েছে। তারা বিদ্যমান নীতিমালাগুলো পর্যালোচনাসহ সময়োপযোগী অন্যান্য বিষয় অন্তর্ভুক্ত করে আইনের খসড়া উপস্থাপন করবেন।

কমিটি সকল স্নাতকোত্তর মেডিকেল শিক্ষাকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) এর অধিভুক্ত করার ব্যাপারে নীতিগতভাবে আগ্রহ ব্যক্ত করেছে। বিএসএমএমইউসহ সংশ্লিষ্ট অন্যান্য বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানসমূহের আইন-কানুনে এসব বিষয়ে কোনো বাধা থাকলে তা দ্রুত দূর করার উদ্যোগ নেয়া হবে। সভায় অন্যান্যের মধ্যে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আবুল কালাম আজাদ ও যুগ্ম সচিব এ কে এম আমির হোসেনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক শাহ মনির হোসেন ও পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক খন্দকার মোঃ শেফায়েত উল্লাহ এবং বিএমডিসির রেজিস্ট্রার, বিএসএমএমইউ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ডীনগণ উপস্থিত ছিলেন। -তথ্য বিবরণী